মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ পালন

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (৫ অক্টোবর) সকাল ১০ টার সময় জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে র্যালি অনুষ্ঠিত হয়।
র্যালিটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় থেকে বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এসে শেষ হয়।

পরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজ অধ্যক্ষ ডাঃ এ কে এম নজরুল কবির, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নূর, মেহেরপুর মহিলা কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল-আমিন ধুমকেতু, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতারুজ্জামানের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন পুলিশ পরিদর্শক আব্দুল আলিম, সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি মোঃ নাজমুল হক (লিটন), ইসলামী ইতিহাসের সহকারী অধ্যাপক সোলাইমান হোসেন, মেহেরপুর সহকারী শিক্ষক শফিকুল ইসলাম মিন্টু, সহকারী শিক্ষক আখতারুজ্জামান হীরাসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকারা।

আমঝুপিতে বিশ্ব শিক্ষক দিবস

পালন

“কাঙ্খিত শিক্ষার জন্য: শিক্ষক স্বল্পতা পূরণ বৈশ্বিক অপরিহার্যতা” এ প্রতিপাদ্যে মেহেরপুরের আমঝুপি আলোচনা সভা ও র্যালীর মধ্যে দিয়ে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মউকের হলরুমে গণসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এই অনুষ্ঠানের আয়োজন করে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম কিবরিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট আব্দুস সালাম।

বিশেষ অতিথি ছিলেন সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আতাউর রহমান ও আমঝুপি আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাওঃ মাহবুব উল আলম।
সভায় স্বাগত বক্তব্য রাখেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, দিবস উপলক্ষে প্রবন্ধ পাঠ করেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

সভায় বিভিন্ন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকসহ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যগন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি উপস্থাপন করেন মুজিবনগর উপজেলার প্রোগ্রাম ম্যানেজার শিরিন আক্তার। এর আগে একটি বর্ণাঢ্য র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে।